# যুব বার্তা

ত্রৈমাসিক সংবাদ সাময়িকী

অদম্য

যুব উন্নয়ন অধিদপ্তর

জানুয়ারি-মার্চ ২০১৯

৪৭তম সংখ্যা


## যুব সমাজের প্রতি আহবান



বাংলাদেশের যুব সমাজের প্রত্যেক সদস্যকে শুভেচ্ছা জানাচ্ছি এবং তাঁদের সার্বিক মঙ্গল কামনা করছি। ১৯৭১ সালের উত্তাল এই মার্চে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে আমাদের প্রাণপ্রিয় এ দেশের যুব সমাজ ঝাঁপিয়ে পড়েছিল মহান স্বাধীনতা সংগ্রামে। বঙ্গবন্ধুর আজন্ম লালিত স্বপ্ন "সোনার বাংলা" গড়ার বলিষ্ঠ নেতৃত্ব দিয়ে যাচ্ছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ সোনার বাংলায় রূপান্তরের মাধ্যমে বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড় করাতেই মাননীয় প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১। ২০৩০ সালে জাতিসংঘ ঘোষিত এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে আমরা পৌঁছে যাবো ২০৪১ এ উন্নত বাংলাদেশ গঠনের উন্নয়ন জংশনে।

"তারুণ্যের শক্তি বাংলাদেশের সমৃদ্ধি" এই মূলমন্ত্রে আওয়ামীলীগের নির্বাচনী ইশতেহার ২০১৮ প্রণীত হয়েছিল যা বাংলাদেশের যুব সমাজ কর্তৃক সমাদৃত ও গৃহীত হয়েছে বলেই দেশের জনগন বিপুল ভোটে গত নির্বাচনে আওয়ামীলীগকে নির্বাচিত করে।নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন করা হলে বিশ্বে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল হয়েই ২০৪১ এ কাংঙ্খিত গন্তব্যে পৌঁছে যাবে। বাংলাদেশের যুবদের ভাগ্য উন্নয়নে অনেক গুরুদায়িত্ব যুব উন্নয়ন অধিদপ্তরের উপর। আর সেই গুরুদায়িত্ব পালনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা আমাকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব প্রদান করায় তাঁকে ধন্যবাদ এবং তাঁর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাই। বাংলাদেশকে প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকার জন্য এবং বর্তমান উন্নয়ন ধারা টেকসই করতে যুব সমাজকে তথ্য যোগাযোগ প্রযুক্তি সহ স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে চাহিদা সম্পন্ন বিভিন্ন বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে। এজন্য শিক্ষা, জ্ঞান ও প্রশিক্ষণের কোন বিকল্প নেই,এ বিষয় সামনে রেখেই বার্তমান সরকার পূর্ববর্তী মেয়াদে জাতীয় যুবনীতি ২০১৭ প্রণয়ন করে এবং সরকারের বর্তমান মেয়াদে জাতীয় যুবনীতি পুরোপুরি বাস্তবায়ন করা হবে মর্মে ঘোষণা দেয়া হয়েছে।

জাতীয় যুবনীতি পুরোপুরি বাস্তবায়নের মাধ্যমে সৎ, নির্ভিক, দেশপ্রেমিক, দক্ষ যুবশক্তি দেশের অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। যুগোপযোগী জাতীয় যুবনীতি বাস্তবায়ন এবং যুব সমাজের সার্বিক উন্নয়নের জন্য ইতোমধ্যেই যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তর বাস্তবমূখী পদক্ষেপ গ্রহণ করছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশমাতৃকার সার্বিক উন্নয়নের জন্য দেশের যুব সমাজের প্রতি আহবান," যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করুন, বাংলাদেশের সমৃদ্ধিতে অবদান রাখুন"।

**মোঃ জাহিদ আহসান রাসেল** এম,পি
প্রতিমন্ত্রী
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নবনিযুক্ত মাননীয় প্রতিমন্ত্রীর সাথে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের মতবিনিময় সভা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নবনিযুক্ত মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহ্সান রাসেল এমপি মহোদয় যুব ভবনে কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহন করেন। ২২/০১/২০১৯খ্রিঃ তারিখের মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ্-বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । মতবিনিময় সভায় প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহ্সান রাসেল, এমপি হাজার বছরের শ্রেষ্ট বাঙালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে তাঁর বক্তব্য শুরু করেন। যুব কার্যক্রম এবং যুব উন্নয়ন অধিদপ্তরের সকল সম্ভাবনা ও সমস্যা সম্পর্কে ইতোমধ্যে তিনি অবহিত, বিগত ১০ বছর যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতির দায়িত্ব পালনকালে মন্ত্রনালয় ও অধিদপ্তরের কার্যক্রম অবহিত হওয়ার সুযোগ হয়েছে বলে তিনি জানান।



মতবিনিময় সভায় মঞ্চে উপবিষ্ট মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ্, যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব আনোয়ারুল ইসলাম সরকার এবং যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আ, ন, আহম্মদ আলী



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধীতে পুষ্পস্তবক অর্পণ করেন


প্রকাশনায়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর, E-mail: publication@dyd.gov.bd, Website: www.dyd.gov.bd www.facebook.com/departmentofyouthdevelopmenthq



যুব ভবনে কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহ্সান রাসেল এমপি

তিনি বলেন, যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের অনেক অপ্রাপ্তি থাকা সত্ত্বেও তাঁরা যুব সমাজের জন্য অনেক কাজ করে যাচ্ছেন। মাননীয় প্রতিমন্ত্রী তাঁর বক্তব্যে উল্লেখ করেন জননেত্রী শেখ হাসিনা ঘোষিত ভিশন-২০২১ এবং ২০৪১ অর্জনে যুব উন্নয়ন অধিদপ্তর কার্যকর পদক্ষেপ গ্রহন করবে। মাননীয় প্রধানমন্ত্রী প্রয়োজনে তাঁকে যুবদের উন্নয়নে তাঁর সাথে সরাসরি কথা বলে পরিকল্পনা গ্রহণের অনুমতি প্রদান করেছেন। যুব উন্নয়ন অধিদপ্তর যেহেতু যুবদের কর্মসংস্থানের জন্য অনেক গুরুদায়িত্ব পালন করে সেহেতু এ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের চেইন অব কমান্ড মানতে হবে। যে কোন সমস্যাদি আগে মহাপরিচালক বা সচিবের সাথে আলাপ করতে হবে। সমাধান না হলে তিনি তাঁর কাছে যাবার পরামর্শ দেন। বিশেষ অতিথির বক্তব্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ্ বলেন,সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য পরিকল্পনা মাফিক দ্রুত কাজ শুরু করতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের যে সকল সমস্যা আছে তা সমাধানের জন্য উদার মনে সকলকে এগিয়ে আসতে হবে।



মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয়কে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে ফুলেল শুভেচ্ছা জানান জনাব মল্লিক সাঈদ মাহাবুব, পরিচালক (প্রশিক্ষণ), উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ্ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব আনোয়ারুল ইসলাম সরকার এবং যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আ, ন, আহম্মদ আলী

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আনোয়ারুল ইসলাম সরকার তাঁর বক্তব্যে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ পরবর্তী অস্থায়ী কর্মসংস্থানের মনিটরিং জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ আব্দুল হামিদ খান Power point-এ যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম তুলে ধরেন। সভাপতির বক্তৃতায় মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান বলেন,বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে বাস্তবায়নের বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরকে নিরলস কাজ করে যেতে হবে। ইতোমধ্যে পরিকল্পনা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে বলে তিনি বলেন। মতবিনিময় অনুষ্ঠান শেষে মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষে কেক কেটে প্রতিমন্ত্রী মহোদয়ের যুবভবনে প্রতিমন্ত্রী হিসেবে প্রথম আগমণ উদযাপন করা হয়।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নবনিযুক্ত সচিব মহোদয়ের মতবিনিময় সভা



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নবনিযুক্ত মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন ৩ মার্চ ২০১৯খ্রিঃ তারিখ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় মিলিত হন। সভার শুরুতে মাননীয় সচিব মহোদয়ের সাথে উপস্থিত সকল কর্মকর্তাগনের পরিচয় হয়। সচিব মহোদয় তাঁর বক্তব্যের শুরুতেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে স্মরণ করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে সচিব পদে পদায়ন দিয়ে বাংলাদেশের খেলাধুলার উন্নয়ন ও যুবদের উন্নয়নে ভূমিকা রাখার সুযোগ করে দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

জনাব ড. মোঃ জাফর উদ্দীন বলেন, যে কোন কাজের জন্য প্রয়োজন অর্থ , অর্থ ছাড়া মূল্যবান কোন কাজই হয়না, আর ভালো কাজ করার জন্য অর্থের ব্যবস্থাপনা দক্ষতার সাথে হওয়া দরকার। তিনি মন্ত্রণালয় ও তার অধীনস্থ দপ্তর সংস্থার সকলের সহযোগিতা চান। মতবিনিময় ও পরিচিতি সভায় অন্যান্যের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক(ভারপ্রাপ্ত) জনাব আ,ন,আহম্মদ আলী, জাতীয় ক্রীড়া পরিষদের সচিব,বিকেএসপির মহাপরিচালকসহ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় অনুষ্ঠান শেষে সচিব মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার কর্মকর্তাগণ।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে মাননীয় প্রতিমন্ত্রীর মতবিনিময়



জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে শুভেচ্ছা জানান যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয় প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর ৮ জানুয়ারী ২০১৯ খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাদে সাথে মতবিনিময় সভায় অংশ গ্রহন করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। শুরুতেই উপস্থিত সকলে প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে পরিচিত হোন।

বক্তব্যের শুরুতে প্রতিমন্ত্রী মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সকল সদস্য এবং মহান মুক্তিযুদ্ধে শহীদদের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি বলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি হিসেবে বিগত ১০ বছর দায়িত্ব পালনকালে এই মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে অবহিত হয়েছেন। সেই অভিজ্ঞতা কাজে লাগিয়ে এবং সকলের সহযোগিতায় বাংলাদেশের যুবসমাজের ভাগ্য উন্নয়ন ও খেলাধুলার উন্নয়নে ভূমিকা রাখার চেষ্টা করবেন। তিনি সততা নিষ্ঠার সাথে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মন্ত্রণালয়ের কাজকে আরও এগিয়ে নেওয়ার জন্য তাঁকে সহযোগিতা করার জন্য সকলের প্রতি আহবান জানান। অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ প্রথমেই প্রতিমন্ত্রী মহোদয়কে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে স্বাগত জানান। সচিব বলেন তিনি এই মন্ত্রণালয়ে যোগদানের পর মাননীয় প্রতিমন্ত্রী সংসদীয় কমিটির সভাপতি থাকা অবস্থায় মাত্র ১টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সে সভা থেকেই প্রতিমন্ত্রী মহোদয় সম্পর্কে সুস্পষ্ট ধারনা লাভ করেছেন।

তিনি মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের প্রয়াত পিতা জনাব আহসান উল্লাহ মাষ্টার এমপি মহোদয়ের সততা ও নিষ্ঠার কথা উল্লেখ করেন। সিনিয়র সচিব মহোদয় বলেন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সৌভাগ্য যোগ্য পিতার যোগ্য সন্তান এ মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব পেয়েছেন। যুবদের নিয়ে সরকারের ভাবনার কথা তুলে ধরে বলেন সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনেক কাজ করতে হবে।

মত বিনিময় সভায় অন্যান্যদের মাঝে বক্তব্য রাখেন,যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক,বিকেএসপির মহাপরিচালক,জাতীয় ক্রীড়া পরিষদের সচিব ।




মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন



মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয়কে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মোঃ শহিদুজ্জামান

## যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন

১০ মার্চ -২০১৯ খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব আ,ন,আহম্মদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যের শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব এর দায়িত্ব প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সচিব মহোদয় তাঁর বক্তব্যে উল্লেখ করেন অর্থ ব্যবস্থাপার মাধ্যমে ভালো সেবা প্রদান করা যায়। অর্থ ব্যবস্থাপনা কোয়ালিটি ভালো করতে হবে, আর এ জন্য ভালো নেতৃত্ব প্রয়োজন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এবং দপ্তর সংস্থা সমূহের কাজের priority আগে ঠিক করে কাজ শুরু করতে হবে।




মতবিনিময় সভায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন।

**priority অনুযায়ী যুব উন্নয়ন অধিদপ্তরের জন্য কিছু অনুশাসন বা নির্দেশনা দিয়ে বলেন ঃ**

- যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশাসনিক সমস্যাদি সমাধানের নিমিত্ত ২৬ মার্চের পর তাঁর নেতৃত্বে একটি সভা আহ্বান করা হবে।
- যুব উন্নয়ন অধিদপ্তর যে সকল ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে তার Impact Study করার উপর গুরুত্বারোপ করেন ; প্রশিক্ষণের Need Assessment করা হবে।
- বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী Action plan তৈরী করে কাজ শুরু করতে হবে।
- ভালো প্রশিক্ষণ প্রদানের জন্য দক্ষ প্রশিক্ষক প্রয়োজন এ জন্য প্রশিক্ষকের পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে; প্রয়োজনে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।




যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন মহোদয়কে ফুলেল শুচ্ছো জানান যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আ, ন, আহম্মদ আলী, মঞ্চে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব তাজুল ইসলাম চৌধুরী, যুগ্ম-সচিব জনাব মোঃ ওমর ফারুক এনডিসি, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক জনাব মল্লিক সাঈদ মাহবুব, জনাব মোঃ এরশাদ-উর-রশীদ, উপপরিচালক জনাব আব্দুল হামিদ খান এবং সহকারী পরিচালক জনাব মোঃ আলী আশরাফ



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন মহোদয়কে যুব উন্নয়ন অধিদপ্তরের লগো সংবলিত শুভেচ্ছা স্মারক প্রদান করেন মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আ, ন, আহম্মদ আলী, মঞ্চে উপস্থিত ছিলেন উপপরিচালক জনাব আব্দুল হামিদ খান এবং মোঃ মোখলেছুর রহমান

- যুব উন্নয়ন অধিদপ্তর বেকারত্ব দূরীকরণে কাজ করে যাচ্ছে আগামী ১৫ দিনের মধ্যে বেকারমুক্ত গ্রাম, ইউনিয়ন, উপজেলা সৃজনের জন্য কনসেপ্ট পেপার তৈরী করতে হবে।
- যারা প্রশিক্ষণের পর প্রকল্প গ্রহণ করছেন তাদের Safe project linkage করতে হবে। এর আগে অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্যে অধিদপ্তরের পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) জনাব মোঃ এরশাদ উর-রশিদ বলেন, সরকার ঘোষিত রুপকল্প বাস্তবায়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে আরো বেশী প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। ঋণ সুবিধা বাড়ানোর কথাও তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। যুব উন্নয়ন অধিদপ্তর ন্যাশনাল সার্ভিস কর্মসূচী বাস্তবায়ন করছে, অনেক বৃহৎ কর্মযজ্ঞ অথচ সে কর্মসূচিতে কোন লোকবল নিয়োগ দেয়া হয়নি। তিনি জনবল নিয়োগের কথা বলেন। যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি প্রদানসহ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির কথাও তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। মতবিনিময় অনুষ্ঠানে যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম ও প্রশাসনিক সকল বিষয়াদি সচিব মহোদয়কে অবহিত করার জন্য Power point উপস্থাপন করেন উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ আব্দুল হামিদ খান। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও মহান মুক্তিযুদ্ধের সকল শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে তিনি তাঁর উপস্থাপনা শুরু করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশিক্ষণ) জনাব মল্লিক সাঈদ মাহবুব প্রশিক্ষণের সাথে আত্মকর্মী সৃজনের সম্পর্ক ব্যাখ্যা করেন। প্রশিক্ষণ প্রদানের সমস্যা এবং সম্ভাবনাসমূহ তুলে ধরেন। ইতোমধ্যে প্রশিক্ষণ যুগোপযোগী করতে যে সকল পদক্ষেপ তাঁর শাখা থেকে গ্রহণ করা হয়েছে তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব তাজুল ইসলাম বক্তব্য প্রদান করেন। তিনি বলেন Power point Presentation থেকে যে তথ্য উপাত্ত আমরা পেয়েছি তা মন্ত্রণালয়ের দায়িত্ব পালনে সহায়ক হবে। তথ্য উপাত্ত দিয়ে সহায়তা করা হলে বড় সমস্যা সমাধান করা সম্ভব হবে। তিনি সচিব মহোদয়কে সার্বিক সহযোগিতা দিয়ে মন্ত্রণালয়ের কাজ এগিয়ে নেবার প্রতিশ্রুতি প্রদান করেন।

সভাপতির বক্তব্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আ, ন, আহম্মদ আলী বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর যুব সমাজের উন্নয়নে যে সকল কাজ করে তা আরও বিস্তৃত করা প্রয়োজন। আশার কথা হলো বর্তমান সরকার তাঁদের নির্বাচনী ইশতেহারে যুবদের উন্নয়নকে ২য় স্থানে জায়গা দিয়েছে। নব যোগদানকৃত সচিব মহোদয়ের সাথে ইতোপূর্বে ধর্মমন্ত্রণালয়ে কাজ করার অভিজ্ঞতার কথা তুলে ধরেন। তিনি বলেন সচিব মহোদয়ের কাজের হাত প্রসারিত, তিনি কাজের মাধ্যমে সবাইকে আপন করে নেন। তাঁর হাতেই যুব উন্নয়ন অধিদপ্তরের গুনগত পরিবর্তন আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয় গোপালগঞ্জের টুঙ্গীপাড়াস্থ শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র প্রাঙ্গণে বৃক্ষ রোপন করছেন



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ড. মোঃ জাফর উদ্দীন গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধীতে পুষ্পস্তবক অর্পন শেষে দোয়া ও মোনাজাতে অংশ নেন

# সচিবের বিদায় অনুষ্ঠান





যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ্ মহোদয়ের সরকারি চাকরি হতে অবসরজনিত বিদায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে শুভেচ্ছা জানাচ্ছেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) আ, ন, আহম্মদ আলী

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ্ সরকারি চাকরি থেকে অবসর গ্রহণ উপলক্ষ্যে বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত বিদায় সংবর্ধনায় মন্ত্রণালয় ও তার অধীনস্থ দপ্তর সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি ।

বিদায় অনুষ্ঠানে স্মৃতিচারণ মূলক বক্তব্য প্রদান করেন সিনিয়র সচিব মহোদয়ের ব্যাচমেট সহকর্মী যুগ্ম-সচিব জনাব ওমর ফারুক ও জনাব ফায়জুল কবির। তাঁরা অনেক স্মৃতি কথার মধ্যে জনাব মোহাম্মদ আবদুল্লাহ মহোদয়ের কর্মনিষ্ঠা ও সততার বহু উদাহরণ তুলে ধরেন। যুব উন্নয়ন অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব আ,ন,আহম্মদ আলী বলেন সিনিয়র অফিসার যে এতো সহজ সরল ভাবে জুনিয়র অফিসারদের সাথে কথা বলেন, তা তিনি

ইতোপূর্বে খুব বেশী দেখেননি। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠান জাতীয় ক্রীড়া পরিষদের সচিব, বিকেএসপির মহাপরিচালক বিদায়ী সচিব মহোদয়ের সাথে অল্প সময় কাজের অভিজ্ঞতা তুলে ধরেন। সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ ছিলেন কর্মঠ সৎ ও দক্ষ অফিসার । বিদায়ী সিনিয়র সচিব তাঁর বক্তব্যে অনেক স্মৃতিচারণ করেন। কর্মজীবনে সরকারের গুরুত্বপূর্ণ অনেক পদে থেকে তিনি দায়িত্ব পালন করেছেন। উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার, সচিব এবং সিনিয়র সচিব হিসেবে কাজ করার অভিজ্ঞতা খুব কম অফিসারের ভাগ্যে হয়। তিনি এই দূর্লভ সুযোগ পাওয়ায় সরকারসহ সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বিদায় বেলায় তিনি কিছু দিক নির্দেশনা মূলক বক্তব্য দেন।

মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সুনাম ও সততার কথাও তিনি তাঁর বক্তব্যে তুলে ধরেন। অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি তাঁর বক্তব্যে জনাব মোহাম্মদ আবদুল্লাহ'র অনেক কর্মদক্ষতার কথা তুলে ধরেন। যদিও অতি অল্প সময় কাজের অভিজ্ঞতা তবুও তাঁদের কর্মক্ষেত্রের বোঝাপড়া মধুর ছিল, প্রতিমন্ত্রী মহোদয় বলেন বিদায়ী সিনিয়র সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ একজন ক্রীড়াসেবী মানুষ। তিনি নিজে একজন টেনিস খেলোয়াড় আবার ক্রীড়া সচিব, তাই এই ক্রীড়াবান্ধব মানুষটিকে ক্রীড়া জগতে রেখে দেওয়ার ইচ্ছা প্রকাশ করেন। সে লক্ষ্যে তাঁকে বিলিয়ার্ড এন্ড স্নুকার ফেডারেশনের সভাপতি হিসেবে ক্রীড়াঙ্গনে সম্পৃক্ত করে রাখার ঘোষণা দেন। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের বক্তব্যের পর যুব উন্নয়ন অধিদপ্তরসহ অন্যান্য দপ্তর সংস্থা বিদায়ী সিনিয়র সচিব মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন।

# মহাপরিচালকের বিদায় অনুষ্ঠান

যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান সাম্প্রতি পদোন্নতি পেয়ে ভারপ্রাপ্ত সচিব হিসেবে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করে। ১৭/০২/২০১৯খ্রিঃ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তর তাঁর বিদায় সংবর্ধনার আয়োজন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব আ,ন,আহম্মদ আলী। অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বিদায় সংবর্ধনার শুরুতে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয়। যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয়ের সকল শ্রেণীর কর্মকর্তা কর্মচারী এ সময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের স্মৃতিচারণমূলক বক্তব্য প্রদান করেন জনাব মোঃ আলী আশরাফ,সহকারী পরিচালক(অর্থ); তিনি মহাপরিচালক মহোদয়ের আর্থিক বিষয় সংক্রান্ত সকল কাজের দক্ষতার বিষয়ে প্রসংশা করেন; মনিটরিং পদ্ধতি অত্যন্ত নিখুঁত এবং সততার সাথে কাজ করার প্রসংশা করেন। মোঃ মোখলেছুর রহমান উপপরিচালক (প্রকাশনা) মহাপরিচালক মহোদয়ের বলিষ্ঠ নেতৃত্বের কথা তুলে ধরেন। জাতীয় যুবদিবসের প্রকাশনা সংক্রান্ত কাজের উদাহরণ টেনে তিনি বলেন, নেতা তিনি যিনি কর্মীর ভুল নিজের কাঁধে তুলে নিয়ে সমাধান দিতে পারেন, বিদায়ী মহাপরিচালক তেমন একজন নেতা। অতি অল্প সময়েই যুব উন্নয়ন অধিদপ্তরকে নিজের মনে করে নিয়েছিলেন।



যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান ভারপ্রাপ্ত সচিব হিসেবে পদোন্নতি পেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে যোগদান করায় মন্ত্রণালয় ও অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাণের উপস্থিতিতে তাঁকে অধিদপ্তরের পক্ষ থেকে বিদায়ী শুভেচ্ছা জ্ঞাপন করছেন উপপরিচালক (প্রশাসন) জনাব আব্দুল হামিদ খান



যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান ভারপ্রাপ্ত সচিব হিসেবে পদোন্নতি পেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে যোগদান করায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে তিনি বক্তব্য প্রদান করছেন

উপপরিচালক(প্রশাসন) জনাব আবদুল হামিদ খান বিদায়ী মহাপরিচালক মহোদয়ের পরিকল্পনা ও কর্মদক্ষতার প্রসংশা করেন। তাঁর প্রসংশনীয় কর্মদক্ষতার কথা যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা স্মরণ রাখবে। জনাব মোঃ আবদুল হামিদ খান বলেন যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মেলন কক্ষের পরিবর্তন করে অত্যন্ত সুন্দর করায় এখানে বসে মিটিং করতে সকলেই স্বাচ্ছন্দবোধ করেন। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) জনাব মোঃ এরশাদ-উর-রশিদ তাঁর বক্তব্যে বিদায়ী মহাপরিচালকের সংক্ষিপ্ত সময়ের অনেক কাজের কথা তুলে ধরেন। যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মীদের কর্মদক্ষতায় দেশের যুব সমাজ উপকৃত হচ্ছে, তবে অধিদপ্তরের কিছু সমস্যা সমাধান প্রয়োজন বলে জনাব এরশাদ-উর-রশিদ তাঁর বক্তৃতায় উল্লেখ করেন। বিদায়ী মহাপরিচালক মহোদয়ের কর্মতৎপরতায় সমস্যা সমাধানে আশার আলো দেখছিলেন। পরিচালক (প্রশিক্ষণ) জনাব মল্লিক সাঈদ মাহবুব তাঁর বক্তব্যে বিদায়ী মহাপরিচালক মহোদয়ের কর্মকান্ডের কথা তুলে ধরেন। তিনি প্রত্যেকটি কাজ খুব অল্প সময়ে আয়ত্ত্ব করে সঠিক সিদ্ধান্ত দিতেন। তাঁর শাখার কাজের গতিশীলতা আনয়নে মহাপরিচালক মহোদয়ের প্রসংশা করেন। বিদায়ী মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান বলেন যুব কার্যক্রমকে যুব সমাজের দোড়গড়ায় নিয়ে যেতে হবে,বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য অনেক কাজ করার সুযোগ আছে। যুব উন্নয়ন অধিদপ্তরকে সে সুযোগ কাজে লাগাতে হবে এতে একদিকে যেমন দেশের যুব সমাজ উপকৃত হবে; তেমনি যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মরত জনবল সম্মানিত হবে। জনাব মোঃ শহিদুজ্জামান অতি অল্পসময়ে তাঁকে এ অধিদপ্তরের লোকজন আপন করে নেয়ায় এবং সকল কাজে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ দেন। অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক জনাব আ,ন,আহম্মদ আলী বিদায়ী মহাপরিচালকের কর্মদক্ষতা ও কর্মনিষ্ঠার উদাহরণ তুলে ধরেন ; তাঁর ভবিষ্যৎ কর্মজীবনের উন্নতি কামনা করেন ও ব্যক্তি ও পারিবারিক জীবনের সুখ সমৃদ্ধি ও সুস্থ্যতা প্রার্থনা করেন। অবশেষে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানান বিভিন্ন স্তরের কর্মকর্তা কর্মচারীগণ। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব আবুল কালাম আজাদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জনাব মোঃ শাহজাহান, ডাটা এন্ট্রি অপারেটর।



মাননীয় প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয়ের যুবভবনে আগমন কেক কেটে উদযাপন। উপস্থিত আছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ আবদুল্লাহ এবং যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান



মাননীয় প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের পর জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয়কে ফুলেল শুভেচ্ছা।



১৭ জানুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে জেলা পর্যায়ের অফিসের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন সভায় বক্তব্য রাখছেন মহাপরিচালক জনাব মোঃ শহিদুজ্জামান



যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয়ের যুব উন্নয়ন অধিদপ্তরে মতবিনিময় সভায় উপস্থিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাগণ



মাঠ পর্যায়ে ২০১৮-২০১৯ অর্থবছরে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি শীর্ষক কর্মশালায় সভাপতিত্ব করছেন মহাপরিচালক আ, ন, আহম্মদ আলী, উপস্থিত আছেন জনাব মোঃ মোশাররফ হোসেন মোল্লা, যুগ্মসচিব যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা) জনাব আবুল হাছান ও জনাব মল্লিক সাঈদ মাহবুব, পরিচালক (প্রশিক্ষণ)



মাঠ পর্যায়ে ২০১৮-২০১৯ অর্থবছরে প্রণীত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি শীর্ষক কর্মশালার একাংশ



যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে জেলা পর্যায়ের অফিসের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন সভায় সভাপতি জনাব মোঃ শহিদুজ্জামান, মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মঞ্চে উপবিষ্ট পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আ, ন, আহম্মদ আলী, পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক (পরিকল্পনা) জনাব আবুল হাছান, পরিচালক (প্রশিক্ষণ) জনাব মল্লিক সাঈদ মাহবুব এবং পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) জনাব মোঃ এরশাদ-উর-রশীদ



১৭ জানুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে জেলা পর্যায়ের অফিসের ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি (APA) এর অর্ধবার্ষিক মূল্যায়ন সভায় বক্তব্য রাখছেন পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আ, ন, আহম্মদ আলী

## পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের গোপালগঞ্জের যুব কার্যক্রম পরিদর্শন।

যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) জনাব আ, ন, আহম্মদ আলী ১ ফেব্রুয়ারি ২০১৯খ্রিঃ তারিখে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন; পরিদর্শনকালে প্রথমেই তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে পুষ্পস্তবক অর্পন করেন। ফাতেহা পাঠ ও মোনাজাতে অংশ নেন। তিনি শোক বহিতে স্বাক্ষর করেন। এ সময় টুঙ্গিপাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত ছিলেন। শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনকালে মেরামতযোগ্য স্থাপনা চিহ্নিত করেন। জনাব আ,ন, আহম্মদ আলী গোপালগঞ্জ জেলা কার্যালয়ের এবং শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় মিলিত হয়। গোপালগঞ্জ জেলা কার্যালয়ের উপপরিচালকের সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জনাব মোঃ মোখলেছুর রহমান, উপপরিচালক (প্রকাশনা) এবং ডেপুটি কো-অর্ডিনেটর, শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্র। মতবিনিময় সভা শেষে গোপালগঞ্জ জেলার উপপরিচালকের কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে জনাব আ,ন, আহম্মদ আলী কর্মকর্তা কর্মচারীদের গুরুত্বপূর্ণ নির্দেশা প্রদান করেন।



গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধীতে শ্রদ্ধা নিবেদন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আ, ন, আহম্মদ আলী




গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় শেখ জামাল যুব প্রশিক্ষণ কেন্দ্রে মতবিনিময় সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আ, ন, আহম্মদ আলী



স্বাধীনতা অফিসার্স এসোসিয়েশন, যুব উন্নয়ন অধিদপ্তর গত ২২ মার্চ ২০১৯ খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এমপি মহোদয়ের সাথে তাঁর টঙ্গীস্থ বাস ভবনে সৌজন্য সাক্ষাত করেন। এসোসিয়েশনের সভাপতি জনাব আবদুল হামিদ খান, সাধারণ সম্পাদক জনাব মোঃ আলী আশরাফ সহ অন্যান্য নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশুদিবসে ধানমন্ডি ৩২ নং-এ জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন নবগঠিত স্বাধীনতা অফিসার্স এসোসিয়েশন, যুব উন্নয়ন অধিদপ্তর এর সভাপতি জনাব আবদুল হামিদ খান ও সাধারণ সম্পাদক জনাব মোঃ আলী আশরাফ এবং সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ




মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সাভার জাতীয় স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করেন 'স্বাধীনতা অফিসার্স এসোসিয়েশনের' সভাপতি জনাব আবদুল হামিদ খান, সাধারণ সম্পাদক জনাব মোঃ আলী আশরাফ সহ অন্যান্য নেতৃবৃন্দ।

# যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রদত্ত গুরুত্বপূর্ণ সেবাসমূহ

" দক্ষতা বাড়াতে যুব উন্নয়ন অধিদপ্তরে আসুন,
যুগোপযোগী প্রশিক্ষণ গ্রহণ করে কর্মসংস্থানের সুযোগ নিন"।

| সেবার নাম/ প্রশিক্ষণের নাম | প্রয়োজনীয় কাগজপত্র/যোগ্যতা | সেবা মূল্য/ প্রশিক্ষণ ফি | সময়সীমা / প্রশিক্ষণ মেয়াদ | যোগাযোগ |
|---|---|---|---|---|
| কম্পিউটার বেসিক এন্ড আই সি টি এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ কোর্স | এইচ এস সি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ১০০০/- | ৬ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |
| গবাদিপশু হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ | অষ্টম শ্রেণি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ১০০/- | ৩ মাস | কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর (সংশ্লিষ্ট জেলা) (প্রশিক্ষণার্থীদের খাবার বাবদ প্রতি মাসে ৩০০০/- টাকা সরকার ব্যয় করবে) |
| পোষাক তৈরী বিষয়ক প্রশিক্ষণ | অষ্টম শ্রেণি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ৫০/- | ৩ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |
| মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ | এইচ এস সি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ৫০০/- | ৬ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |
| মোবাইল ফোন সার্ভিসিং এন্ড রিপেয়ারিং বিষয়ক প্রশিক্ষণ | অষ্টম শ্রেণি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ১০০/- | ১ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) (প্রশিক্ষণার্থীদের খাবার বাবদ ১২০০/-টাকা সরকার ব্যয় করবে) |
| ফ্রি ল্যান্সিং/আউট সোর্সিং বিষয়ক প্রশিক্ষণ | এইচ এস সি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ১০০০/- | ১ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |
| ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং প্রশিক্ষণ | অষ্টম শ্রেণি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ৩০০/- | ৩ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |
| রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং প্রশিক্ষণ | অষ্টম শ্রেণি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ৩০০/- | ৩ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |
| ইলেকট্রনিক্স প্রশিক্ষণ | অষ্টম শ্রেণি পাশের প্রমাণক, নাগরিকত্বের সনদ অথবা এনআইডি | ৩০০/- | ৩ মাস | উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা) |

বিঃ দ্রঃ সকল বিষয়ে প্রশিক্ষণার্থীদের সয়ষসীমা ১৮/৩৫ বছর
অন্যান্য প্রশিক্ষণ তথ্যের জন্য ভিজিট করুন www.dyd.gov.bd
ফোন-০২৯৫৫৩২৮৮

## যুব তথ্য কণিকা

| নং | কর্মকাণ্ডের বিষয় | শুরু থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত |
|---|---|---|
| ০১. | বেকার যুবদের প্রশিক্ষণ | ৫৫,৮৭,৯৬৬ জন |
| ০২. | প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান | ২১,৬১,৪৫৯ জন |
| ০৩. | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রদান | ২,২১,৬১১ জন |
| ০৪. | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় কর্মসংস্থান সৃষ্টি | ২,১৯,২৭৬ জন |
| ০৫. | ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ | ১৭৯৭,৩৫.১৫ লক্ষ টাকা |
| ০৬. | ক্ষুদ্র ঋণ গ্রহণকারীর সংখ্যা | ৯,২৩,০৩৩ জন |
| ০৭. | তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা | ১৮,৩৫২ টি |
| ০৮. | স্বীকৃতি/নিবন্ধনভুক্ত যুব সংগঠনের সংখ্যা | ৩২০৫ টি |

বিদেশে গিয়ে আইন ভঙ্গ করবেন না, জেলে যাবেন না, পরিবার ও নিজের মঙ্গলের কথা ভাবুন।